

২৫ শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্বসাহিত্য কেন্দ্রের বুক শেলফ বিতরণ

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী •
দেশের নির্বাচিত ১০০ শিক্ষা প্রতিষ্ঠানে
আলোর পাঠশালা শীর্ষক লাইব্রেরি
গড়ে তোলার অংশ হিসেবে রাজশাহী
অঞ্চলের ২৫ শিক্ষা প্রতিষ্ঠানে বুক
শেলফ বিতরণ করেছে বিশ্বসাহিত্য
কেন্দ্র। গতকাল শনিবার বেলা ১১টায়
রাজশাহী চেয়ার অব কমার্স ভবন
মিলনায়তনে এই হস্তান্তর অনুষ্ঠানের
আয়োজন করা হয়। এতে সহযোগিতা
করছে গ্রামীণফোন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজশাহী
জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন চৌধুরী,
অধ্যাপক মুন্স্ক মৈত্রী, দেশভিত্তিক
উৎসর্গ কার্যক্রম সহকারী পরিচালক
মাহবুব হাসান পলাশ ও বিশ্বসাহিত্য
কেন্দ্রের পরিচালক শরিফ মো. মাসুদ।
এ সময় বক্তারা জানান, সারা
দেশে উন্নত মূল্যবোধ ও উদার
দৃষ্টিভঙ্গি সম্পন্ন আলোকিত মানুষ গড়ে
তোলার এবং তাদের জাতীয় শক্তি
হিসেবে সংঘবদ্ধ করতে বিশ্বসাহিত্য
কেন্দ্র গত ৩৬ বছর ধরে বইপড়া,
কর্মসূচি চালিয়ে আসছে। বর্তমানে
সদস্য আছে প্রায় ১২ হাজার শিক্ষা
প্রতিষ্ঠানের ১৫ লাখ শিক্ষার্থী।